সমকাল

তারিখ 07 APR 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

# চারুকলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক বহিষ্কার

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

আবাসিক শিক্ষকদের সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগে ওবায়দুল কবির রিক্ত নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের এক শিক্ষার্থীকে হাজী মুহম্মদ মুহসীন হল থেকে বহিষ্কার করেছে হল প্রশাসন। রিক্ত চারুকলা শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক। গতকাল বুধবার তাকে বহিষ্কারের তথ্য নিশ্চিত করেছেন মুহসীন হলের প্রাধ্যক্ষ নিজামুল হক ভূঁইয়া।

তিনি জানান, মঙ্গলবার রাতে মুহসীন হলের সাতজন আবাসিক শিক্ষক হলের কক্ষ পরিদর্শনে গেলে রিক্ত তাদের সঙ্গে দুর্ব্যবহার করে। ঘটনা শুনে প্রাধ্যক্ষ সেখানে গেলে তাকেও অপমান করে রিক্ত। এর পরিপ্রেক্ষিতে শিক্ষকরা রিক্তর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেন। পরে উপাচার্যের নির্দেশে রিক্তকে হল থেকে বহিষ্কার করা হয়েছে। ২৪ ঘণ্টার মধ্যে তাকে হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে।